

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা

নং : স্থাসবি/জেপশা/বদলী-২/২০০৪/৩০৮৮

তারিখ : ০৬/০৯/১৪১৬ বঃ।
২০/১২/২০০৯ খ্রিঃ।


প্রজ্ঞাপন

সরকার পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জেলা পরিষদসমূহে সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীদের প্রেষণ/পদায়ন/বদলী ও প্রত্যাহার সংক্রান্ত কার্যক্রম স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীদের সরাসরি জেলা পরিষদে পদায়ন না করে এ বিভাগের চাহিদা অনুযায়ী ১:২ ভিত্তিতে নাম প্রস্তাব করবে এবং স্থানীয় সরকার বিভাগ এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করবে।

৩। স্থানীয় সরকার বিভাগের ১৮/৬/১৯৯০ তারিখের প্রজেই-৪/জেপ-১৮/৯০/৯০৬ নং বিজ্ঞপ্তিটির কার্যকারিতা এতদ্বারা বাতিল করা হ'ল।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আখতার হোসেন)
উপ-সচিব(প্রশাসন)
ফোনঃ ৭১৬৮২৮৬

নং : স্থাসবি/জেপশা/বদলী-২/২০০৪/৩০৮৮

তারিখ : ০৬/০৯/১৪১৬ বঃ।
২০/১২/২০০৯ খ্রিঃ।


অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

সদয় কার্যার্থে :

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) আগারগাঁও, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, -----(সকল)।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল।
- ২। জেলা প্রশাসক,-----জেলা (সকল)।
- ৩। মাননীয় মন্ত্রীর/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৭। যুগ্ম-সচিব (প্রশাসন/উন্নয়ন/পাস)/মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।


(মোঃ আলিউল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪